

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার  
এবং রিটার্নিং অফিসারের কার্যালয়  
শিবগঞ্জ, বগুড়া।

স্মারক নং-৪৭.৬২.১০৯৪.১০০.০.০০৩.২১-৪৮

তারিখঃ ০৩ অক্টোবর, ২০২১

গণ-বিজ্ঞপ্তি


যেহেতু, মাননীয় নির্বাচন কমিশন, ঢাকা-এর ২৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০৩৬.২১.৩৪০ নম্বর পত্রে উল্লেখিত নির্ধারিত সময়সূচি অনুসারে ও সিনিয়র জেলা নির্বাচন অফিসার, বগুড়া-এর ২৯ সেপ্টেম্বর, ২০২১ ইং তারিখের ১৭.০৪.১০০০.০০০.৪১.০১.২১.৭১৪ নং প্রজ্ঞাপন এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা-২০১০ এর ১০ (৩) বিধি মোতাবেক বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলার আটমুল এবং বুড়িগঞ্জ ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য নির্বাচনের জন্য সময়সূচির প্রজ্ঞাপন জারি করা হইয়াছে।

এক্ষেণে, সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১১ অনুযায়ী আমি মোঃ আশরাফুল আলম, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, শিবগঞ্জ, বগুড়া এবং রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলার আটমুল এবং বুড়িগঞ্জ ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচি নির্ধারণ করিয়া বিজ্ঞপ্তি জারি করিতেছি।

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ	:	১৭ অক্টোবর, ২০২১ ০১ কার্তিক, ১৪২৮	(রবিবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২০ অক্টোবর, ২০২১ ০৪ কার্তিক, ১৪২৮	(বুধবার)
(গ)	প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ	:	২৬ অক্টোবর, ২০২১ ১০ কার্তিক, ১৪২৮	(মঙ্গলবার)
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	:	১১ নভেম্বর ২০২১ ২৬ কার্তিক, ১৪২৮	(বৃহস্পতিবার)

২। আমি আরও জানাইতেছি যে, আগামী ১৭ অক্টোবর, ২০২১ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে ছুটির দিনসহ সকাল ৯:০০ টা হতে বিকাল ৫:০০ টা পর্যন্ত সময়কালের মধ্যে নির্বাচনে অংশগ্রহণ করতে ইচ্ছুক উল্লিখিত ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য, সাধারণ আসনের সদস্য প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও রিটার্নিং অফিসারের কার্যালয়, শিবগঞ্জ, বগুড়া-এর কার্যালয়ে মনোনয়নপত্র গ্রহণ করা হইবে।

স্থানঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও রিটার্নিং অফিসারের কার্যালয়  
শিবগঞ্জ, বগুড়া।  
তারিখঃ ০৩/১০/২০২১


  
(মোঃ আশরাফুল আলম)  
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার  
শিবগঞ্জ, বগুড়া  
এবং রিটার্নিং অফিসার  
আটমুল এবং বুড়িগঞ্জ ইউনিয়ন  
পরিষদের সাধারণ নির্বাচন-২০২১

স্মারক নং-৪৭.৬২.১০৯৪.১০০.০.০০৩.২১-৪৮

তারিখঃ ০৩ অক্টোবর, ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৩। জেলা প্রশাসক, বগুড়া।
- ৪। পুলিশ সুপার, বগুড়া।
- ৫। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, বগুড়া।
- ৬। উপ-পরিচালক, বিআরডিবি, বগুড়া।
- ৭। চেয়ারম্যান, শিবগঞ্জ উপজেলা পরিষদ, শিবগঞ্জ, বগুড়া।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, বগুড়া।
- ৯। উপজেলা নির্বাচন অফিসার, শিবগঞ্জ, বগুড়া।
- ১০। অফিসার-ইন-চার্জ, শিবগঞ্জ থানা, বগুড়া।
- ১১। উপজেলা আনসার ও ডিডিপি কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া।
- ১২। চেয়ারম্যান/সচিব, আটমুল এবং বুড়িগঞ্জ ইউনিয়ন, শিবগঞ্জ, বগুড়া (তাকে এই বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে এবং ইউনিয়নের গুরুত্বপূর্ণ ও প্রকাশ্য স্থানে টাংগাইয়া দেয়াসহ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ১৩। সভাপতি/সম্পাদক, শিবগঞ্জ প্রেস ক্লাব, শিবগঞ্জ, বগুড়া।
- ১৪। নোটিশ বোর্ড (সকল)।

  
০৩/১০/২০২১  
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার  
শিবগঞ্জ, বগুড়া  
এবং রিটার্নিং অফিসার